43

দৈনিক ইত্তেফাক

তারিখ 31 AUG 1996
পৃষ্ঠা ৭ কলাম ২

# বেতারের গণশিক্ষা বিষয়ক অনুষ্ঠান —বন্ধের-উপক্রম—

সৈয়দ আখতার ইউসুফ ॥ বর্তমান বাজেটে শিক্ষা খাতে বরাদ্দ সর্বাধিক রাখা হইলেও অর্থাভাবে বাংলাদেশ বেতারের গণশিক্ষামূলক একটি জাতীয় পর্যায়ের অনুষ্ঠান বন্ধ

(২য় পৃ: ৩-এর ক: দ্র:)

( ১ম পৃ: পর )

হইয়া যাওয়ার উপক্রম হইয়াছে। প্রাথমিক ও গণশিক্ষামূলক 'পড়াশোনা' নামের এই অনুষ্ঠানটি প্রায় দুই দশক যাবৎ প্রচারিত হইয়া আসিলেও অনুষ্ঠানটি সর্বদাই অবহেলার শিকার হইয়াছে। নিরক্ষর জনগণকে সচেতন করার কার্যকর এই অনুষ্ঠানটি এখনও বেতারের নিজস্ব বরাদ্দের আওতায় আসে নাই। বাংলাদেশ বেতারের অনুষ্ঠান হইলেও বর্তমানে 'পড়াশোনা' অনুষ্ঠানটির অর্থের যোগানদার হইতেছে 'ইউনিসেফ'। আর এই অর্থও শিক্ষা মন্ত্রণালয়ের প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও সমন্বিত উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম' বিভাগের হাত ঘুরিয়া বেতার কর্তৃপক্ষের নিকট পৌঁছিয়া থাকে। ফলে আমলাতান্ত্রিক জটিলতায় এবং কর্মকর্তাদের সময়োপযোগী পদক্ষেপ গ্রহণের অভাবে উক্ত অর্থপ্রাপ্তিতেও বিলম্ব ঘটে। এমতাবস্থায় অনুষ্ঠানটির সহিত সংশ্লিষ্ট উপস্থাপক, কথক, শিশুশিল্পী, নাট্যশিল্পী, কণ্ঠশিল্পী প্রমুখের প্রাপ্য 'সম্মানী' সর্বদাই বকেয়া পড়িয়া থাকে। বর্তমানেও উক্ত অনুষ্ঠানের সহিত সংশ্লিষ্টগণ গত ৭ মাস যাবৎ কোনরূপ 'সম্মানী' পাইতেছে না বলিয়া অভিযোগে প্রকাশ।

এ ব্যাপারে গত বুধবার বাংলাদেশ বেতারের উর্ধ্বতন কর্তৃপক্ষের সহিত যোগাযোগ করা হইলে বলা হয় : 'পড়াশোনা' নামক জাতীয় এই অনুষ্ঠানটির জন্য শিক্ষা মন্ত্রণালয় হইতে যে অর্থ বরাদ্দ করা হয়, উহার পরিমাণ চাহিদার অর্ধেকও নহে।